# জুনিয়র স্কুল সার্টিফিকেট পরীক্ষা, ২০১২

## বাংলাদেশ ও বিশ্বপরিচয়

বিষয় কোড : | ১ | ৫ | ০ |

### সৃজনশীল প্রশ্ন

সময়-২ ঘণ্টা ২০ মিনিট; পূর্ণমান: ৬০

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও। যে কোনো ৭টি প্রশ্নের উত্তর দিতে হবে।]*

**প্রশ্ন-১.** শফিক চৌধুরী যুবক বয়সে তাহেরপুর গ্রামের চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পান। কিন্তু প্রথম থেকেই তার কিছু নিকট আত্মীয়স্বজন নিজেদের স্বার্থ হাসিলের জন্য তার বিরুদ্ধে ষড়যন্ত্রে লিপ্ত হয় এবং পরবর্তীতে তাকে ক্ষমতাচ্যুত করে।

ক. বাংলায় স্বাধীন সুলতানি প্রতিষ্ঠা করেন কে? ১
খ. পুঁজি পাচার বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে বর্ণিত কারণটি নবাব সিরাজউদ্দৌলার পতনের কোন কারণের সাথে মিল আছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. তুমি কি মনে করো, উক্ত কারণটিই নবাব সিরাজউদ্দৌলার পতনের একমাত্র কারণ? তোমার মতামত দাও। ৪

**প্রশ্ন-২.** রোমেল অষ্টম শ্রেণির ছাত্র। তার বাবা-মা প্রায়ই তার সামনে ঝগড়া বিবাদে লিপ্ত হন। রোমেল বাসায় মা-বাবার সঙ্গ না পেয়ে প্রতিবেশী দুষ্ট প্রকৃতির বন্ধুদের সাথে মেলামেশা করে। ফলে তার মাঝে অনেক নেতিবাচক আচরণ লক্ষ করা যায়।

ক. সামাজিকীকরণ কাকে বলে? ১
খ. সামাজিকীকরণের ক্ষেত্রে সংবাদপত্রের ভূমিকা ব্যাখ্যা করো। ২
গ. রোমেলের সামাজিকীকরণের ক্ষেত্রে তার বন্ধুদের প্রভাব ব্যাখ্যা করো। ৩
ঘ. 'রোমেলের বাবা-মায়ের আচরণের পরিবর্তনই পারে তার সুষ্ঠু সামাজিকীকরণের বিকাশ ঘটাতে'— তোমার মতামত দাও। ৪

**প্রশ্ন-৩.** তাহসিন ও শায়লা একুশের বইমেলায় গিয়ে বাংলা সাহিত্যের কয়েকটি বই দেখছিল। তাহসিন একটি বই খুলে কিছু অজানা বাক্য দেখতে পায়। শায়লা তাহসিনকে বললো, এগুলো আদি বাংলা সাহিত্যের নমুনা। এই সাহিত্যকর্মের ধারাবাহিকতায় বাংলার অনেক কবি সাহিত্যিক আধুনিক বাংলা সাহিত্যকে সমৃদ্ধ করেছেন।

ক. শিল্পকলা কাকে বলে? ১
খ. পোড়ামাটির শিল্প বলতে কী বোঝায়? ২
গ. তাহসিনের অজানা বাক্যগুলোতে বাংলা সাহিত্যের কোন সাহিত্যকর্মের নমুনা ফুটে উঠেছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. শায়লার শেষোক্ত উক্তিটি বিশ্লেষণ করো। ৪

**প্রশ্ন-৪.** জাহিদ ও রাসেল দুই বন্ধু। বিশ্ববিদ্যালয়ে পড়াশোনা শেষ করে জাহিদ গ্রামে ফিরে যায়। সেখানে সে স্থানীয় লোকজনের সহায়তায় স্কুল, কলেজ ও মাদ্রাসা প্রতিষ্ঠা করে দেশের মানবসম্পদ উন্নয়নে কাজ করছে। আর তার বন্ধু রাসেল দূরপ্রাচ্যের একটি দেশে চাকরি নিয়ে চলে যায় এবং বিদেশ থেকে প্রচুর বৈদেশিক মুদ্রা দেশে পাঠায়।

ক. GDP —এর পূর্ণ নাম কী? ১
খ. উৎপাদন ও আয় বৃদ্ধির লক্ষ্য ব্যাখ্যা করো। ২
গ. জাহিদ কোন উপায়ে তার গ্রামের জনগণকে মানবসম্পদে পরিণত করছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. রাসেলের প্রেরিত অর্থ বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নে ভূমিকা রাখছে— বিশ্লেষণ করো। ৪

**প্রশ্ন-৫.**




ক. রাষ্ট্রের মূল চালিকাশক্তি কী? ১
খ. সংবিধানকে রাষ্ট্র পরিচালনার দলিল বলা হয় কেন? ২
গ. ১নং দেশে কোন ধরনের সরকারব্যবস্থা বিদ্যমান? ব্যাখ্যা করো। ৩
ঘ. '২নং দেশ যেন বাংলাদেশের সরকারব্যবস্থারই প্রতিরূপ'— বিশ্লেষণ করো। ৪

**প্রশ্ন-৬.** সাফিন বিশ্ববিদ্যালয়ে কম্পিউটার বিষয়ে পড়ালেখা করছে। তার বাবা একটি কাপড়ের দোকানে চাকরি করেন। মা একজন গৃহিণী। তার মা নিজ এলাকার একটি বেসরকারি সংস্থার নিকট থেকে মা ও শিশুর স্বাস্থ্য, পুষ্টি ও পরিবার ছোট রাখার জন্যে যথেষ্ট জ্ঞান লাভ করেছেন। সাফিনের একমাত্র বোনকেও তার মা-বাবা প্রযুক্তিনির্ভর বিষয়ে লেখাপড়া করাতে চান।

ক. জনসংখ্যা সম্পর্কে বাংলাদেশের স্লোগান কী? ১
খ. বাংলাদেশের জনসংখ্যা নীতির একটি উদ্দেশ্য ব্যাখ্যা করো। ২
গ. সাফিনের পরিবারে জনসংখ্যা নিয়ন্ত্রণে বেসরকারি সংস্থার কোন উদ্যোগটি বা কার্যক্রমটি বিশেষভাবে কার্যকর? ব্যাখ্যা করো। ৩
ঘ. 'সন্তানদের জন্যে সাফিনের বাবা-মায়ের সচেতনতাই তাদেরকে জনসম্পদে পরিণত করবে'— মতামত দাও। ৪

**প্রশ্ন-৭.** প্রতিবেশী 'ক' ও 'খ' রাষ্ট্রের মধ্যে সীমান্ত ও অন্যান্য সমস্যা নিয়ে বিরোধ দেখা দেওয়ায় তা মীমাংসার জন্যে উভয় রাষ্ট্রই একটি আন্তর্জাতিক সংস্থার অঙ্গ সংগঠনের কাছে আবেদন জানায় এবং সংস্থাটি তাদের সমস্যা সমাধান করে দেয়। এই সংস্থাটির সদর দপ্তর নেদারল্যান্ডের হেগ শহরে। দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর থেকে এর মূল সংস্থাটি বিশ্বশান্তি প্রতিষ্ঠায় কাজ করে যাচ্ছে।

ক. বাংলাদেশ কত সালে ওআইসির সদস্য পদ লাভ করে? ১
খ. আসিয়ান কী ব্যাখ্যা করো। ২
গ. 'ক' ও 'খ' রাষ্ট্রের সমস্যা সমাধানে কোন অঙ্গ সংগঠনটি কাজ করছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. বিশ্বশান্তি রক্ষায় মূল সংস্থার ভূমিকা মূল্যায়ন করো। ৪

**প্রশ্ন-৮.**




*চিত্র : বাংলাদেশের দুটি ক্ষুদ্র জনগোষ্ঠীর বসবাসকারী অঞ্চল*

ক. বাংলাদেশের গারোদের ভাষার নাম কী? ১
খ. গারোদের ধর্মীয় জীবন বর্ণনা করো। ২
গ. মানচিত্রের 'A' চিহ্নিত স্থানে বসবাসকারী প্রধান ক্ষুদ্র জাতিসত্তার সামাজিক জীবন ব্যাখ্যা করো। ৩
ঘ. 'A' ও 'B' অঞ্চলের ক্ষুদ্র জাতিগোষ্ঠী দুটির সাংস্কৃতিক জীবনের তুলনামূলক বিশ্লেষণ করো। ৪

**প্রশ্ন-৯.** গৌরীপুর বিদ্যালয়ের অষ্টম শ্রেণির ছাত্রছাত্রীরা দুই দলে বিভক্ত হয়ে শিক্ষা সফরে গেল। প্রথম দলটি উত্তরাঞ্চলের একটি কারখানায় যায়। কারখানাটিতে সেখানকার আশপাশের জমি থেকে প্রচুর আখ আনা হয়েছে। দ্বিতীয় দলটি চট্টগ্রামের একটি কারখানায় যায় সেখানে তারা প্রচুর মহিলা শ্রমিককে কাজ করতে দেখে। তারা জানতে পারে এই কারখানার উৎপাদিত পণ্যের বিদেশে ব্যাপক চাহিদা রয়েছে।

ক. প্রাকৃতিক সম্পদ কাকে বলে? ১
খ. 'প্রাণীরা একে অপরের ওপর নির্ভরশীল'— ব্যাখ্যা করো। ২
গ. প্রথম দলটির দেখা শিল্পটি কোন শিল্পকে ইঙ্গিত করছে— ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত শিল্প দুটির মধ্যে কোনটি বাংলাদেশের অর্থনীতিতে অধিক অবদান রাখছে— বিশ্লেষণ করো। ৪

**প্রশ্ন-১০.** একটি দৈনিক পত্রিকার শিরোনাম 'পাহাড়জুড়ে কান্না'। একটি প্রাকৃতিক দুর্যোগের কারণে চট্টগ্রাম ও কক্সবাজারে মৃত্যের সংখ্যা দাঁড়িয়েছে ১০১ জন। যার ফলে পাহাড়ের পাদদেশে বসবাসকারী মানুষের মধ্যে চলছে 'শোকের মাতম'। বর্ষা এলেই তারা এ ধরনের প্রাকৃতিক দুর্যোগের শিকার হচ্ছে প্রতিবছরই।

ক. 'সুনামি' অর্থ কী? ১
খ. বৈশ্বিক উষ্ণায়নের একটি কারণ ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকে কোন দুর্যোগের কথা বলা হয়েছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. উক্ত দুর্যোগের সাথে বন উজাড়করণের সম্পর্ক বিশ্লেষণ করো। ৪

http://teachingbd.com

# জুনিয়র স্কুল সার্টিফিকেট পরীক্ষা ২০১২

সময় — ৪০ মিনিট পূর্ণমান — ৪০ **বাংলাদেশ ও বিশ্বপরিচয়: বহুনির্বাচনি অভীক্ষা** বিষয় কোড: ১৫০

[বি: দ্র: সরবরাহকৃত উত্তরপত্রে বহুনির্বাচনি প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসমূহ হতে সঠিক উত্তরের বর্ণটিতে টিক (√) চিহ্ন দাও। প্রতিটি প্রশ্নের মান-১]

১. **নবাব সিরাজউদ্দৌলা কত বছর বয়সে সিংহাসনে বসেন?**
ক ২০ বছর খ ২২ বছর
গ ২৪ বছর ঘ ২৬ বছর

২. **বর্তমানে বাংলাদেশের বৃহত্তম রপ্তানিমুখী শিল্প কোনটি?**
ক চা খ পাট
গ কাগজ ঘ পোশাক

৩. **মুজিবনগর সরকারের প্রধানমন্ত্রী কে ছিলেন?**
ক শেখ মুজিবুর রহমান খ এম মনসুর আলী
গ তাজউদ্দীন আহমদ ঘ সৈয়দ নজরুল ইসলাম

৪. **কান্তজির মন্দির কোথায় অবস্থিত?**
ক বগুড়া খ রাজশাহী
গ রংপুর ঘ দিনাজপুর

৫. **'সরকারের সকল ক্ষমতা জনগণ কর্তৃক নিয়ন্ত্রিত'— এটি কোন সরকার ব্যবস্থার ক্ষেত্রে প্রযোজ্য?**
ক সমাজতন্ত্র খ গণতন্ত্র
গ একনায়কতন্ত্র ঘ রাষ্ট্রপতি শাসিত

৬. **ইউনেস্কোর সদর দপ্তর কোথায় অবস্থিত?**
ক জেদ্দায় খ লন্ডনে
গ প্যারিসে ঘ জেনেভায়

৭. **নারী শিক্ষার প্রসারে বাংলাদেশ সরকারের গৃহীত পদক্ষেপ কোনটি?**
ক নারী শিক্ষক নিয়োগ খ নতুন বিদ্যালয় নির্মাণ
গ শিক্ষাক্ষেত্রে বাজেট বৃদ্ধি
ঘ মেয়েদের উপবৃত্তি প্রদান

৮. **কীসের সমন্বয়ে সিমেন্ট উৎপাদিত হয়?**
ক চুনাপাথর ও সিলিকা বালি
খ চুনাপাথর ও প্রাকৃতিক গ্যাস
গ প্রাকৃতিক গ্যাস ও কঠিন শিলা
ঘ শ্বেতমৃত্তিকা ও কঠিন শিলা

**নিচের অনুচ্ছেদটি পড়ো এবং ৯ ও ১০ নং প্রশ্নের উত্তর দাও:**
তাহসিন শিক্ষাসফরে একটি জাদুঘর পরিদর্শনে গেল। সেখানে নানা ধরনের খেলার সরঞ্জামের সাথে ড্রাগন, হরিণের মাথা এবং বিদেশে তৈরি মূর্তিসহ নানা ধরনের প্রত্ন নিদর্শন দেখে সে বেশ অবাক হয়।

৯. **তাহসিন নিচের কোন স্থানটি পরিদর্শন করে?**
ক জাতীয় জাদুঘর খ আহসান মঞ্জিল
গ ময়মনসিংহ জাদুঘর ঘ রংপুরের তাজহাট

১০. **উক্ত প্রত্ন নিদর্শনগুলো থেকে জানা যায়—**
i. এগুলো ইতিহাসকে সমৃদ্ধ করেছে
ii. এগুলো অভিজাত শ্রেণির মানুষের জীবনযাত্রার ধারণা দেয়
iii. অতীতে কারুকাজ সমৃদ্ধ দ্রব্যের অভাব ছিল
**নিচের কোনটি সঠিক?**
ক i খ i ও ii
গ i ও iii ঘ i, ii ও iii

১১. **মারমারা তাদের গ্রামের প্রধানকে কী বলে?**
ক রোয়াজা খ হেডম্যান
গ বোমাং রাজা ঘ রোয়া

১২. **জাপানে কিশোর অপরাধের বয়সসীমা কত?**
ক ৭ থেকে ১৬ বছর খ ৭ থেকে ১৮ বছর
গ ১৪ থেকে ২০ বছর ঘ ১৪ থেকে ২২ বছর

১৩. **'সুলতানি আমলে' বাংলার রাজধানী কোথায় ছিল?**
ক সোনারগাঁও খ লক্ষ্ণৌ
গ ঢাকা ঘ দিল্লি

১৪. **২০০৯-২০১০ অর্থবছরে দেশজ উৎপাদনে মৎস্য খাতের অবদান কত ছিল?**
ক ৪.৫১ শতাংশ খ ১০.৭৬ শতাংশ
গ ১৫.৬৫ শতাংশ ঘ ২৯.৯৫ শতাংশ

১৫. **বৈশ্বিক উষ্ণতা বাংলাদেশের জনগণের জীবনযাত্রার ওপর কী প্রভাব ফেলবে?**
ক জনসংখ্যা বৃদ্ধি পাবে খ মিঠা পানির মাছ বাড়বে
গ পাহাড় পর্বত সৃষ্টি হবে
ঘ অনেক জীব বিলুপ্ত হবে

১৬. **আজকের দিনে সারা পৃথিবীতে শক্তিশালী ও জনপ্রিয় গণমাধ্যম কোনটি?**
ক বেতার খ চলচ্চিত্র
গ টেলিভিশন ঘ সংবাদপত্র

১৭. **অধিক বৃষ্টিপাতের ফলে সিলেট অঞ্চলে ঘটতে পারে—**
i. ভূমিধস
ii. ভূমিকম্প
iii. বন্যা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

১৮. **কোন ক্ষেত্রে সাফল্য লাভের জন্যে বাংলাদেশ ২০১০ সালে জাতিসংঘ পুরস্কার লাভ করেছে?**
ক নারী শিক্ষার হার বৃদ্ধি খ জনসংখ্যা হ্রাস
গ সাক্ষরতার হার বৃদ্ধি ঘ শিশুমৃত্যু হ্রাস

**নিচের অনুচ্ছেদটি পড়ো এবং ১৯ ও ২০ নং প্রশ্নের উত্তর দাও:**
ফরিদপুরের কানাইপুর গ্রামের বাসিন্দা গফুর মিয়ার দুটি পুকুর আছে। তিনি প্রশিক্ষণ নিয়ে বাণিজ্যিক ভিত্তিতে মৎস্য চাষ করছেন এবং তার ভাইয়ের একটি পোশাক কারখানা আছে যেখানে অনেক নারী কর্মী কাজ করে জীবিকা নির্বাহ করছে।

১৯. **গফুর মিয়ার উৎপাদন জাতীয় আয়ের কোন খাতের অন্তর্ভুক্ত?**
ক কৃষি খ শিল্প
গ মৎস্য ঘ সেবা

২০. **গফুর মিয়া ও তার ভাইয়ের কার্যক্রম আমাদের অর্থনীতিতে অবদান রাখছে—**
i. জাতীয় উৎপাদন বৃদ্ধি করে
ii. কাজের সুযোগ তৈরি করে
iii. জীবনযাত্রার মান উন্নয়ন করে
**নিচের কোনটি সঠিক?**
ক i খ i ও ii
গ ii ও iii ঘ i, ii ও iii

২১. **বাংলাদেশের আইনসভার নাম কী?**
ক জাতীয় সংসদ খ সুপ্রিমকোর্ট
গ সচিবালয় ঘ হাইকোর্ট

২২. **নিরাপত্তা পরিষদের মোট সদস্য সংখ্যা কত?**
ক ৫ খ ১০
গ ১৫ ঘ ২০

২৩. **ভূমিকম্প চলাকালীন সময়ে করণীয় কী?**
ক বাড়ির ছাদে যেতে হবে
খ খাটের নিচে বসে থাকতে হবে
গ লিফটে করে নিচে নামতে হবে
ঘ বাড়ির বৈদ্যুতিক বাতি জ্বালিয়ে রাখতে হবে

২৪. **সেনদের হটিয়ে বাংলা দখল করেন কে?**
ক শায়েস্তা খান খ সুজাউদ্দিন
গ ফখরুদ্দিন মোবারক শাহ ঘ বখতিয়ার খিলজি

২৫. **পৌরসভার সদস্য সংখ্যা নির্ভর করে—**
i. আয়তনের ওপর ii. জনসংখ্যার ওপর
iii. শিক্ষিত জনগোষ্ঠীর ওপর
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

২৬. **চাকমাদের শ্রেষ্ঠ উৎসব কোনটি?**
ক ওয়ানগালা খ সাংগ্রাই
গ বিজু ঘ সাপ্রে

২৭. **সুফিয়া কামাল বাংলার রাজনীতিতে অবদান রেখে মুক্তিযুদ্ধে সক্রিয় অংশগ্রহণ করেন। তিনি কোন সেক্টরের অধীনে যুদ্ধ করেছেন?**
ক ১ নম্বর খ ৪ নম্বর
গ ৫ নম্বর ঘ ৯ নম্বর

২৮. **বাংলাদেশ সরকার কত সালের মধ্যে নিরক্ষরতা দূর করতে অঙ্গীকারবদ্ধ?**
ক ২০০৯ খ ২০১০
গ ২০১৪ ঘ ২০১৫

**নিচের ছকটি পড়ো এবং ২৯ ও ৩০ নং প্রশ্নের উত্তর দাও:**




*ছক: সরকার ব্যবস্থার বৈশিষ্ট্য*

২৯. **'A' চিহ্নিত স্থানটি নিচের কোন দেশটিকে ইঙ্গিত করছে?**
ক বাংলাদেশ খ ভারত
গ যুক্তরাজ্য ঘ যুক্তরাষ্ট্র

৩০. **উক্ত দেশটির সরকারব্যবস্থার বৈশিষ্ট্য হলো—**
i. জনগণই সর্বময় ক্ষমতার অধিকারী
ii. উত্তরাধিকার সূত্রে রাষ্ট্রপ্রধানের ক্ষমতা লাভ
iii. কেন্দ্রের হাতেই সকল ক্ষমতা ন্যস্ত
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

৩১. **লোকগানের 'যুবরাজ' কাকে বলা হয়?**
ক শাহ আব্দুল করিম খ ফকির লালন শাহ
গ আব্বাস উদ্দিন আহমদ ঘ আবদুল আলীম

৩২. **ইলেকট্রনিক কমার্সকে সংক্ষেপে কী বলা হয়?**
ক ই-কমার্স খ ই-মেইল
গ টুইটার ঘ ইন্টারনেট

৩৩. **বাংলাদেশের কিশোর অপরাধের অন্যতম প্রধান কারণ কোনটি?**
ক অসৎ সঙ্গ খ দারিদ্র্য
গ চিত্তবিনোদনের অভাব ঘ শিক্ষার অভাব

৩৪. **পোশাক শিল্পের অগ্রগতির কারণ—**
i. অসংখ্য নারী শ্রমিকের অংশগ্রহণ
ii. বিদেশে ব্যাপক চাহিদা
iii. প্রশিক্ষণের সুব্যবস্থা
**নিচের কোনটি সঠিক?**
ক i খ i ও ii
গ ii ও iii ঘ i, ii ও iii

৩৫. **পৃথিবী নামের গ্রহটিতে কয়টি দেশ রয়েছে?**
ক ১৮৭টি খ ১৯৩টি
গ ১৯৬টি ঘ ১৯৮টি

৩৬. **বর্তমানে বাংলাদেশে কোন শিল্পটি সম্ভাবনাময় শিল্প হিসেবে বিবেচিত হচ্ছে?**
ক ওষুধ শিল্প খ পোশাক শিল্প
গ সিমেন্ট শিল্প ঘ চামড়া শিল্প

৩৭. **শফিক রাতদিন পরিশ্রম করে বিভিন্ন শিল্পজাত দ্রব্য উৎপাদন করে। অর্থনীতির ভাষায় তাকে কী বলা হবে?**
ক দক্ষ শ্রমিক খ মানবসম্পদ
গ প্রশিক্ষিত ব্যক্তি ঘ পরনির্ভরশীল ব্যক্তি

৩৮. **গারোদের আদি ধর্মের নাম কী?**
ক তাতারা রাবুকা খ মান্দিখুসিক
গ মারাক ঘ সাংসারেক

৩৯. **বাংলাদেশের আইন বিভাগ কোন দায়িত্বটি পালন করে?**
ক আইন প্রণয়ন ও সংস্কার
খ শাস্তি বিধান ও ন্যায় প্রতিষ্ঠা
গ ব্যবসা-বাণিজ্য নিয়ন্ত্রণ ঘ শান্তি-শৃঙ্খলা রক্ষা

৪০. **প্রান্তিক চাষিদের প্রযুক্তিগত সহায়তা দেয় কোন সংস্থাটি?**
ক বিশ্বস্বাস্থ্য সংস্থা খ খাদ্য সংস্থা
গ ইউনেস্কো ঘ ওআইসি

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | খ | ২ | খ | ৩ | গ | ৪ | ঘ | ৫ | খ | ৬ | গ | ৭ | ঘ | ৮ | খ | ৯ | গ | ১০ | খ | ১১ | ক | ১২ | গ | ১৩ | ক | ১৪ | ক | ১৫ | ঘ | ১৬ | গ | ১৭ | খ | ১৮ | ঘ | ১৯ | গ | ২০ | ঘ |
| ২১ | ক | ২২ | গ | ২৩ | খ | ২৪ | ঘ | ২৫ | ক | ২৬ | গ | ২৭ | ক | ২৮ | গ | ২৯ | ক | ৩০ | খ | ৩১ | ঘ | ৩২ | ক | ৩৩ | খ | ৩৪ | ঘ | ৩৫ | গ | ৩৬ | ক | ৩৭ | খ | ৩৮ | ঘ | ৩৯ | ক | ৪০ | ঘ |

http://teachingbd.com